বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• তৃতীয় বর্ষ • ৫ম সংখ্যা • বৈশাখ-জ্যৈষ্ঠ ১৪২৯ • সময়সীমা : ০১-৩১ মে ২০২২

## পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে শুভেচ্ছা বিনিময়




০৪ মে ২০২২ তারিখে সদর দপ্তর বিজিবি, সীমান্ত সম্মেলন কেন্দ্র, পিলখানা, ঢাকায় জনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা বিনিময় করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

## সূচিপত্র

পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা বিনিময়
বিজিবি মহাপরিচালকের পরিদর্শন
আভিযানিক কার্যক্রম
প্রশিক্ষণ কার্যক্রম
সিজার প্রতিবেদন
করোনা প্রতিবেদন
মৃত্যু প্রতিবেদন
দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ



০৩ মে ২০২২ তারিখে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তিকৃত রোগীদের সাথে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা বিনিময় ও শুভেচ্ছা উপহার প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

## বিজিবি মহাপরিচালকের পরিদর্শন



২৭ মে ২০২২ তারিখে রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) এর কোয়ার্টার গার্ড পরিদর্শনকালীন গার্ড সালাম গ্রহণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd




২৬ মে ২০২২ তারিখে কাপ্তাই ব্যাটালিয়ন (৪১ বিজিবি) এর মাইন্দারছড়া বিওপি পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।




২৮ মে ২০২২ তারিখে বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ ও ট্যালেন্ট শো অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনা ও অনুপ্রেরণামূলক বক্তব্য প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

## আভিযানিক কার্যক্রম



২৭ মে ২০২২ তারিখে রিজিয়ন সদর দপ্তর, কক্সবাজার কর্তৃক আয়োজিত মাদকদ্রব্য ধ্বংসকরণ অনুষ্ঠান-২০২২ উদ্বোধন করেন জনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এছাড়াও উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ আখতার হোসেন, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ব্যক্তিবর্গ।



০৯ মে ২০২২ তারিখে জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) এর ঝাউডাঙ্গা বিওপি এবং ২৮ বিএসএফ ব্যাটালিয়ন এর মাহেন্দগঞ্জ ক্যাম্পের মধ্যে যৌথ টহল পরিচালনার আলোকচিত্র।



১৯ মে ২০২২ তারিখে অধিনায়ক, ফেনী ব্যাটালিয়ন (৪ বিজিবি) এবং কমান্ড্যান্ট, ১০৯ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে অনুষ্ঠিত ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক শেষে উভয় পক্ষের অধিনায়কগণ কর্তৃক সীমান্ত পিলার পরিদর্শনের আলোকচিত্র।



২০ মে ২০২২ তারিখে যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) এর শাহজাদপুর বিওপি'র বিশেষ টহলদল বিশেষ অভিযান পরিচালনা করে ১ জন আসামিসহ ১৪ কেজি ৪৫০ গ্রাম স্বর্ণ (১২৪টি বার), ১টি মোটরসাইকেল ও ১টি মোবাইল আটক করে যার সিজার মূল্য : ১০,১২,৫১,০০০/- টাকা।

## প্রশিক্ষণ কার্যক্রম



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম এর ব্যবস্থাপনায় পরিচালিত বিওপি কমান্ডার কোর্স-০২/২০২২ এর প্রতিরক্ষায় রকেট ল্যাঞ্চার মোতায়েন অনুশীলনের আলোকচিত্র।



পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি) এর শারিয়ালজোত বিওপি'র ব্যবস্থাপনায় পরিচালিত ভারী অস্ত্রের উপর সতেজকরণ প্রশিক্ষণের আলোকচিত্র।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৮তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে রিক্রুটদের 'ড্রিল প্রশিক্ষণ' এর আলোকচিত্র।



বিজিটিসিএন্ডসি এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৮তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে রিক্রুটদের জন্য 'ছদ্মবেশ ও গোপনীয়তা (মহড়াসহ)' সম্পর্কিত ক্লাস পরিচালনার আলোকচিত্র।

## সিজার প্রতিবেদন

বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক মে ২০২২ মাসে ১০৯,০৮,৬৯,১৮০/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানি পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ১১,৬০,৯৫২ পিস ইয়াবা ট্যাবলেট, ২২,৯৭৫ বোতল ফেনসিডিল, ১.৪৪৮ কেজি হেরোইন, ১২,৭০২ বোতল বিদেশি মদ, ৪,১৭৭ বোতল বিয়ার, ১৬৬.৫ লিটার দেশি মদ, ২,১৫২.১৪০ কেজি গাঁজা, ৭.৮৯৮ কেজি ক্রিস্টাল মেথ আইস, ৩.১০০ কেজি আফিম এবং ৬,১৪৫ টি নেশা জাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ৯টি পিস্তল, ২০টি গান (বন্দুক), ১টি রিভলবার, ১টি ইনসাস রাইফেল, ১১৬ কেজি গান পাউডার, ২টি ম্যাগাজিন এবং ৮৪ রাউন্ড গোলাবারুদ। এছাড়াও অবৈধভাবে পাচারকালে ৮ জন পুরুষ, ৪ জন নারী ও ৪ জন শিশু উদ্ধার করা হয়েছে। এ ব্যাপারে ২,৩৩৪টি মামলা দায়ের এবং ২৫৪ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নম্বর, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | নম্বর-৬৭৯৩২ সিগন্যালম্যান মোঃ আমিরুল ইসলাম | লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি) | ০৫-০৫-২০২২ | ক্যান্সার |
| ২। | নম্বর-৯১৬৩৯ সিপাহী মোঃ আল আমিন মিয়া | টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | ০৬-০৫-২০২২ | বিদ্যুৎস্পৃষ্ট হয়ে |
| ৩। | বাবুর্চি-৪৫৫৭ বাবুর্চি তরিকুল ইসলাম | বলিপাড়া ব্যাটালিয়ন (৩৮ বিজিবি) | ২১-০৫-২০২২ | সড়ক দুর্ঘটনা |
| ৪। | বাবুর্চি-২৮৩৫ বাবুর্চি মোঃ রফিকুল ইসলাম | সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) | ২৩-০৫-২০২২ | ক্যান্সার |
| ৫। | নম্বর-৬৭৩০২ নায়েক মোঃ রওশন আলী | দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) | ২৪-০৫-২০২২ | লিভার সিরোসিস |
| ৬। | নম্বর-৫৭২২৩ ল্যান্স নায়েক মোঃ সামসুল হক সরদার | বিয়ানীবাজার ব্যাটালিয়ন (৫২ বিজিবি) | ২৮-০৫-২০২২ | ক্যান্সার |

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | বক্ষ নং ৮৯৪ রিক্রুট (জিডি)<br>মেহেদী হাসান মারুফ<br>চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) | চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৮তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ চলাকালীন রিক্রুট লাইন হতে পলায়ন করে এবং ০৩ দিন ০১ ঘণ্টা ৫৫ মিনিট ছুটি ব্যতীত অনুপস্থিত থাকার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ- ০৮-০৫-২২।** |
| ২। | বক্ষ নং ৭৩৮ রিক্রুট (জিডি)<br>মোছাঃ মাহফুজা খাতুন<br>বিজিটিসিএন্ডসি | বিজিটিসিএন্ডসি এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৮তম রিক্রুট ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ গ্রহণে অনীহা প্রকাশ, মানসিক দুর্বলতা, যথেষ্ট প্রেষণা প্রদানের পরও চাকুরির প্রতি অনীহা প্রকাশ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি, শাস্তি প্রদানের তারিখ- ১১-০৫-২২।** |
| ৩। | বাবুর্চি-৪১৫৭ বাবুর্চি<br>মোঃ শাহজালাল<br>বিজিটিসিএন্ডসি | বিজিটিসিএন্ডসি এ কর্মরত থাকাকালীন রেকর্ড উইং, ঢাকা কর্তৃক সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর অনুকূলে বদলি আদেশ জারি করা হলে সে বদলিকৃত ইউনিটে গমন করতে অস্বীকৃতি জানায় এবং সিসি করণিকের অফিসে গিয়ে গমনাদেশ টেবিলে রেখে চলে যায়। পরবর্তীতে তাকে কেন্দ্রীয় সুবেদার মেজর, জিপি এনসিওসহ প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ বদলিকৃত ইউনিটে গমনের জন্য বারংবার আদেশ প্রদান করলে সে অমান্য করে বদলিস্থলে গমন করতে অস্বীকৃতি জানায়। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ ও নির্দেশনা অমান্য করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : আনুতোষিক ভাতার ২৫% কর্তনপূর্বক বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১২-০৫-২২।** |
| ৪। | পরি-১০০৫৫ পরিচ্ছন্নতাকর্মী<br>মোঃ মনিরুল হক<br>বিজিটিসিএন্ডসি | বিজিটিসিএন্ডসিতে কর্মরত থাকাকালীন শৃঙ্খলার মান সন্তোষজনক না হওয়ায় বারংবার সুযোগ ও শাস্তি প্রদান করা সত্ত্বেও পারিবারিক কলহ মীমাংসা করতে ব্যর্থ হয়। এছাড়াও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২য় বিবাহ, স্ত্রী ও তিন সন্তানের সঠিক ভরণ-পোষণ না দেয়া, ১ম স্ত্রীকে তালাক প্রদান এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধা প্রদর্শন না করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : আনুতোষিক ভাতার ৫০% কর্তন পূর্বক বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১৯-০৫-২২।** |
| ৫। | নম্বর-১০০৩৫৪ সিপাহী<br>মনিষ কুমার মণ্ডল<br>নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি) | অর্জিত ছুটিতে গমন করে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ০৯ মাস ২১ দিন অনুপস্থিত থেকে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান, স্ত্রীর নাম চাকুরির নথিতে লিপিবদ্ধ না করা, তালিকাভুক্তিকালীন জমাকৃত শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং জিপিএফ এ কর্তনকৃত অর্থ ফেরত চাওয়াসহ চাকুরির প্রতি অনীহা ও বাহিনীর নিয়মনীতি উপেক্ষা করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৭-০৫-২২।** |
| ৬। | নম্বর-৭৪৩৭৯ সিপাহী সহকারী<br>ফরিদুজ্জামান<br>নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) | তৎকালীন রামগড় ব্যাটালিয়ন (১৬ বিজিবি) এ কর্মরত থাকাকালীন ১৩ দিনের সাময়িক ছুটিতে গমন করে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ০৯ বছর ০৫ মাস ০৮ দিন অনুপস্থিত থেকে স্বেচ্ছায় নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) এ যোগদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৯-০৫-২২।** |
| ৭। | নম্বর-৭৯১৮৫ ল্যান্স নায়েক<br>মোঃ রফিকুল ইসলাম<br>জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | সোনার খেওর বিওপিতে বিআইপি সদস্য হিসেবে কর্মরত থাকাকালীন স্থানীয় চোরাকারবারির সাথে সখ্য গড়ে তুলে, চোরাকারবারির নিকট টহলদলের তথ্য প্রদান এবং চোরাচালানের বিনিময়ে চোরাকারবারির নিকট হতে বিকাশের মাধ্যমে ৫,০০০/- টাকা উৎকোচ হিসেবে গ্রহণ করে। এছাড়াও গঠিত তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি ও অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করাসহ বেসামরিক পরিমণ্ডলে বাহিনীর ভাবমূর্তি ও সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২২-০৫-২২।** |